

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৮৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'হজ ব্যবস্থাপনা
নির্বাধী কমিটি' নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

(১) মন্ত্রী/প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	:	সভাপতি
(২) সচিব, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
(৩) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	:	সদস্য
(৪) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	:	সদস্য
(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়	:	সদস্য
(৬) সচিব, জননিরাপত্তা বিভাগ	:	সদস্য
(৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ	:	সদস্য
(৮) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	:	সদস্য
(৯) সচিব, রেলপথ মন্ত্রণালয়	:	সদস্য
(১০) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়	:	সদস্য
(১১) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
(১২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	:	সদস্য
(১৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	:	সদস্য

(১৩৯৪৯)

মূল্য : টাকা ৪.০০

(১৪) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	:	সদস্য
(১৫) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	:	সদস্য
(১৬) সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
(১৭) প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ	:	সদস্য
(১৮) সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য
(১৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	:	সদস্য
(২০) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর	:	সদস্য
(২১) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স	:	সদস্য
(২২) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	:	সদস্য
(২৩) পরিচালক, হজ অফিস, ঢাকা	:	সদস্য
(২৪) সভাপতি ও মহাসচিব, হজ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব):	:	সদস্য
(২৫) যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

- (১) জাতীয় হজ ও ওমরাহ নীতি ও সম্পাদিত হজ চুক্তি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা পরিবীক্ষণপূর্বক হজ ব্যবস্থাপনা জাতীয় কমিটির নিকট সুপারিশ প্রদান;
- (২) হজ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক করণীয় কার্যক্রমের বিশ্লেষণ ও নির্দেশনা প্রদান;
- (৩) পবিত্র হজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিবর্তিত প্রেক্ষাপটে জাতীয় হজ ও ওমরাহ নীতি সংশোধন সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (৪) হজ ব্যবস্থাপনা জাতীয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ; এবং
- (৫) হজ সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি বিবেচনা।

(গ) কমিটি বছরে অন্তত ০২ (দুই) বার বৈঠকে মিলিত হবে।

(ঘ) কমিটি প্রয়োজনানুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. আবু সালেহ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)।

ফোন: ৯৫৭১৬০০

e-mail: js_economic@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd